
দোসর

অভিযাত্রিক এর প্রথম নিবেদন

# অভিযান

কাহিনী—তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

চিত্রনাট্য, পরিচালনা ও সঙ্গীত—**সত্যজিৎ রায়**

চিত্রগ্রহণ—সৌমেন্দু রায়
শিল্পনির্দেশনা—বংশীচন্দ্রগুপ্ত
শব্দধারণ—দুর্গাদাস মিত্র, নৃপেন পাল,
সুজিৎ সরকার
সম্পাদনা—দুলাল দত্ত
প্রধান কর্ম সচিব—অনিল চৌধুরী
ব্যবস্থাপনা—মুকুল চৌধুরী, ভানু ঘোষ।

আবহ সঙ্গীত গ্রহণ ও শব্দ
পুনঃ যোজন—শ্যামসুন্দর ঘোষ
স্থির চিত্র—ক্যাপস্ ফটোগ্রাফী
প্রচার পরিচালনা—রবি বসু
পটশিল্প—আর, আর, সিন্ধে
মেক-আপ—অনন্ত দাস

**ভূমিকায় :**

ওয়াহিদা রেহমান, সৌমিত্র চট্টোপাধ্যায়, রুমা গুহঠাকুরতা, রবি ঘোষ, জ্ঞানেশ মুখোপাধ্যায়, চারুপ্রকাশ ঘোষ, অজিত নাথ বন্দ্যোপাধ্যায়, শেখর চট্টোপাধ্যায়, রেবাদেবী, অবনী মুখোপাধ্যায়, কালী চক্রবর্ত্তী, ভানু ঘোষ, শৈলেন ঘোষ, ননী গাঙ্গুলী, রথীন ঘোষ, বীরেশ্বর সেন, দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়, অরুণ রায়, কৃষ্ণকালী ভট্টাচার্য্য, হরিধন মুখার্জী, হরিচরণ নাগ, নারায়ণ দাস, শান্তি চট্টোপাধ্যায়, কার্ত্তিক মুখোপাধ্যায়, মহীন চৌধুরী, গদাধর সেন, বীরেশ্বর সারখেল, সমর নাগ, শঙ্কর লাহিড়ী, ভোলা ভট্টাচার্য্য, আরতি দাস, বরকর্ত্তা, বর, হরিয়া ( লাল )।

কৃতজ্ঞতা স্বীকার—সুহাসকুমার সেন, বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায় ( এম, এল, এ ), শান্তিময় চট্টোপাধ্যায়। বিলিমোরিয়া এ্যাণ্ড লালজী, হোমি ওয়াদিয়া, কমল ঘোষ ( মেগাফোন )।

টেক্‌নিশিয়ান ষ্টুডিও ও নিউ থিয়েটার্স ২নং ষ্টুডিওতে গৃহীত ও ইণ্ডিয়া ফিল্ম ল্যাবরেটরীতে পরিস্ফুটিত। তত্ত্বাবধান—আর, বি, মেহতা।

ওয়েষ্টার শব্দযন্ত্রে আবহ সঙ্গীত গ্রহণ ও শব্দ পুনঃ যোজন।

একমাত্র পরিবেশক :—**ছায়ালোক প্রাইভেট লিঃ**

## কাহিনী


ট্যাক্সি-চালক নরসিং জাতিতে রাজপুত। কিন্তু বংশানুক্রমে সে বাংলাদেশেরই বাসিন্দা। তিনকুলে কেউ নেই।



বেপরোয়া মানুষটি, কারো তোয়াক্কা রাখে না। একদিন এস-ডি-ও সাহেবের গাড়ীটাকে ওভারটেক করে নরসিং বেরিয়ে গেল। এস-ডি-ওর আত্মসম্মানে লাগল—নরসিংএর পারমিট বাতিল ক'রে দিলেন। নিরুপায় নরসিং সব ছেড়ে চলল নিজের দেশে।

শ্যামনগরের ব্যবসায়ী সুখনরামও গরুর গাড়ীতে শ্যামনগরে ফিরছিল। পথে দুর্ঘটনা। সঙ্গে আবার একটি মেয়ে। অনেক টাকা কবুল করাতে নরসিং তাদের শ্যামনগরে পৌঁছে দিতে রাজী হল।

কিন্তু শ্যামনগর ছেড়ে যাওয়া আর তার হোল না। এখানকার মিশনারী



স্কুলের টীচার মেরী নীলিমাকে তার বড় ভাল লাগল। আর ভাল লাগল তার ভাই যোশেফকে। সুখনরামও তাই চাইছিল। সে নরসিংকে থাকবার জায়গা দিল। আর ট্যাক্সি চালাবার সমস্ত খরচ। নরসিংকে তার কাজে লাগবে।

গুলাবী নামে যে মেয়েটি সুখনরামের সঙ্গে এসেছিল, সেও নরসিংএর কাছে ছুটে আসে। তার অতীত নিরবছিন্ন অপমান আর লাঞ্ছনার। বর্ত্তমানে সে সুখনরামের ক্রীতদাসী ছাড়া আর কিছু নয়। নরসিংকে আশ্রয় করে গুলাবী বাঁচতে চায়। কিন্তু নরসিংএর মন জুড়ে রয়েছে শিক্ষিতা মেয়ে মেরী নীলিমা —অন্ধের মত নরসিং এগিয়ে যায় নীলিমার দিকে—বুঝতে পারেনা যে মেরী নীলিমা ভালবাসে আর একজনকে—



তারপর যেদিন নরসিং জানতে পারল নীলিমার ভালবাসার কথা সেদিন নিজের ভাগ্যের উপর প্রতিশোধ নিতে নরসিং ডেকে পাঠাল 'খারাপ' মেয়ে গোলাপীকে—

গোলাপী তার দুর্ভাগ্যের ইতিহাস বলে নরসিংকে—একটি অসহায় নিষ্পাপ নিরপরাধ মেয়ের লাঞ্ছনার কাহিনী……



অবাক বিস্ময়ে নরসিং সব শোনে—গোলাপীর প্রতি একটা সহানুভূতি দেখা দেয়—বুঝি বা ভালবাসার সঞ্চার হয় কঠিন রাজপুত ছত্রীর হৃদয়ে—

সুখনরাম চেয়েছিল নরসিংকে তার চোরাই কারবারে লাগাতে। পরিবর্ত্তে নরসিং তার ট্রান্স্‌পোর্ট বিজিনেসের অংশীদার হবে। এতদিন নরসিং তার কথায় রাজী হয়নি; এবারে হোল। কারণ জীবনে সে বড় হতে চায়—'ভদ্দরলোক' হতে চায়, আর তার জন্যে চাই টাকা—অনেক টাকা।

চোরাই মাল নিয়ে নরসিং চলেছে তার গন্তব্য স্থানে। যোশেফ তাকে সাবধান করল, বাধা দিল। নরসিং তাকে নিষ্ঠুরভাবে আঘাত করল। কিন্তু কিছুদূর গিয়েই তার অনুতাপ হোল—কেন সে এ পথে চলেছে? নীলিমা নেই, গুলাবীকে সে ফিরিয়ে দিয়েছে। আর আজ যোশেফের সাথে তার বিচ্ছেদ ঘটে গেল।

ফিরে চলল নরসিং। সুখনকে তার চোরাই মাল ফিরিয়ে দিয়ে গুলাবীকে নিয়ে সে চলে যাবে। কিন্তু সুখন তার আগেই গুলাবীকে নিয়ে কোথায় চলে গেছে। নরসিং চলল। গুলাবীকে, তার ফিরে পেতেই হবে।




# গান

সবে বন আমমা
মঞ্জর গেলই রামা
পিয়া নেহি আয়ে !
আমুয়া মঞ্জর গেলই
মহুয়া ফুলই গেলই
ডলপত ঝুঁকে মাতোওয়লওয়া হো রামা
পিয়া নেহি আয়ে !









**সহকারীবৃন্দ :**

পরিচালনা—নিত্যানন্দ দত্ত, নৃপেন গাঙ্গুলী ও স্বদেশ সরকার।

চিত্র গ্রহণ—পুর্ণেন্দু বসু, পান্ত নাগ, জ্যোতি চ্যাটার্জী, কালী ও সুশীল রায়।

শব্দ গ্রহণ—অনিল নন্দন, সৌমেন চ্যাটার্জী

সম্পাদনা—কালী নাথ বসু

মেক-আপ—পরেশ দাস, ভীম নস্কর

পোষাক পরিচ্ছদ—বরেন দত্ত


ব্যবস্থাপনা—রতি দাস, সুনীল দত্ত, দুলাল মণ্ডল, নিতাই জানা, কমল।

আলোক সম্পাত—সুভাস ভট্টাচার্য, সতীশ হালদার, কেনারাম হালদার, দুঃখী, ব্রজেন, ধনঞ্জয় নস্কর, ভবরঞ্জন দাস, অনিল পাল।

সাজসজ্জা— দি নিউ ষ্টুডিও সাপ্লাই

মাঘীভাষা অনুবাদে সহায়তায় গিরীশরঞ্জন।





395




অনুশীলন প্রেস, ৫২, ইণ্ডিয়ান মিরর ষ্ট্রীট, কলিকাতা-১৩ হইতে মুদ্রিত ও ছায়ালোক প্রাইভেট লিমিটেড, ২, চৌরঙ্গী রোড, কলিকাতা-১৩ হইতে প্রকাশিত।